পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)
ই নিউজ
বর্ষ: ১৩ | সংখ্যা: ১৩০
সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে
ডিসেম্বর ২০২৩

# মহান বিজয় দিবসে পদক্ষেপ এর শ্রদ্ধা নিবেদন এবং 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২' এর বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

ঐতিহাসিক ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস। বাঙালি জাতির হাজার বছরের শৌর্যবীর্য ও বীরত্বের এক অবিস্মরণীয় গৌরবময় দিন। বাঙালির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অপরিসীম ত্যাগ ও আপসহীন নেতৃত্বে পৃথিবীর মানচিত্রে জন্ম নেয় স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদদের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে অর্জিত হয় মহান স্বাধীনতা। তাই দেশের জাতীয় ইতিহাসে বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম। এই দিনটি বাঙালি জাতি তাদের সামনে নতুন লক্ষ্য ও উদ্দেশ্য স্থাপন করতে অনুপ্রাণিত করে। বিজয় দিবসের মাধ্যমে বাঙালি জাতি তাদের বিজয়ের স্মৃতি স্মরণসহ ভবিষ্যতে দেশকে আরও উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনের প্রত্যয় ব্যক্ত করে।

দিনটি উদযাপন উপলক্ষে সরকারি ও বেসরকারিভাবে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। এ উপলক্ষে বিভিন্ন রাজনৈতিক সংগঠন ও অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি 'এনজিও ফেডারেশন (এফএনবি)' ও 'পদক্ষেপ' যৌথভাবে দেশের বিভিন্ন জেলায় র‍্যালি ও শহিদ মুক্তিযোদ্ধাদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেছে। জাতীয় স্মৃতিসৌধে স্মৃতিস্তম্ভের বেদিতে শ্রদ্ধা নিবেদনে 'এফএনবি' ও 'পদক্ষেপ' এর প্রধান কার্যালয় এবং ঢাকা জোনের বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দ এতে অংশগ্রহণ করেন। এছাড়া প্রধান কার্যালয় ভবনে আলোক সজ্জাকরণ ও সকল অফিসগুলোতে জাতীয় পতাকা উত্তোলন এবং মাসব্যাপী প্রচার-প্রচারণা করা হয়।

এছাড়া 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২' এর আওতায় গত ১৬ ডিসেম্বর ২০২৩ বিজয় দিবস পালনের পাশাপাশি পদক্ষেপ ও নেত্রকোণা পৌরসভার যৌথ উদ্যোগে দিনব্যাপী স্বাস্থ্য ক্যাম্পসহ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। কর্মসূচির মধ্যে ছিল বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান, রক্ত পরীক্ষা, গর্ভবতী মা ও কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদানের পাশাপাশি পুষ্টিকর খাবার প্রদান করা। উক্ত কার্যক্রমের উদ্বোধন করেন নেত্রকোণা পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ ফারুক ওয়াহিদ। দিনব্যাপী 'সিএরএইচসিসি' এবং 'পিএইচসিসি' ১ ও ২ এর মাধ্যমে ৯টি ওয়ার্ডে বিনামূল্যে ১৪২ জনকে স্বাস্থ্যসেবা ও রক্ত পরীক্ষা করা হয়। এরমধ্যে ৫০ জন পুরুষ ও ৯২ জন নারীকে উক্ত সেবা প্রদান করা হয়েছে।

একই সাথে গর্ভবতী মা ও কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদান এবং সেশন শেষে তাদের মাঝে পুষ্টিকর খাবার বিতরণ করা হয়। এ সময় মোট ৬৭ জন গর্ভবতী মা এবং ৭৯ জন কিশোরী উপস্থিত ছিলেন। বিনামূল্যে স্বাস্থ্য সেবা পেয়ে স্থানীয় জনগণ খুব উচ্ছ্বসিত হন এবং পদক্ষেপকে তারা ধন্যবাদ জানান। এ ধরণের কর্মসূচির মাধ্যমে দরিদ্র জনসাধারণ বেশি উপকৃত হবেন জানিয়ে বক্তারা বিভিন্ন সময়ে এ জাতীয় কার্যক্রম পরিচালনার জন্য পদক্ষেপকে অনুরোধ জানান।






# 'আইসিভিজিডি' প্রকল্পে সম্বনিত মানব ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ



পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন 'মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের' আওতায় 'মহিলা বিষয়ক অধিদপ্তর' এর 'ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি)' প্রকল্পে সম্বনিত মানব উন্নয়ন ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গত ডিসেম্বর ২০২৩ মাসে শুরু হয়েছে। উক্ত প্রশিক্ষণে সম্বনিত মানব উন্নয়নে ১৬ জন এবং উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে ২২ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ময়মনসিংহ বিভাগের ৫টি জেলায় সম্বনিত মানব উন্নয়ন বিষয়ে ৩০৪টি এবং উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে ৪১৮টি প্রশিক্ষণ সেশন পরিচালনা করা হয়। উক্ত প্রশিক্ষণগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ভবনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণগুলোতে সুবিধাভোগীদের জীবনমান উন্নয়ন, সক্ষমতার বৃদ্ধি কৌশল জোরদারকরণসহ গ্রামের দরিদ্র নারীদের চরম দারিদ্র্যতা থেকে মুক্তি এবং তাদের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা উন্নয়ন বিষয়েও আলোচনা করা হয়। প্রশিক্ষণগুলোতে মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ পরিদর্শন কালে বিভিন্ন পরামর্শ প্রদান করেন। প্রকল্পটির কারিগরি সহায়তা প্রদান করেছে 'বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)'।

# 'পিকেএসএফ' ও 'সিইজিআইএস' এর কর্মকর্তাদের `Climate-resilient Haor Project পরিদর্শন



'জিআইজেড' ও 'পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)' এর আর্থিক সহায়তায় `Climate-resilient Infrastructure for Sustainable Community Life in The Haor Region of Bangladesh' প্রজেক্টটি সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলার লম্বাবাঁক হাঁটিতে পদক্ষেপ বাস্তবায়ন করছে। গত ২০ ও ২১ ডিসেম্বর ২০২৩ তারিখে 'পিকেএসএফ' ও `Center for Environmental and Geographic Information Services (CEGIS)' এর কর্মকর্তারা উক্ত প্রজেক্টটি পরিদর্শন করেন। তাঁরা প্রজেক্ট এরিয়ার সাইট ইনসপেকশন, ব্রিক ওয়াল কনস্ট্রাকশনের অনসাইট ফিজিবিলিটি এ্যাসেসম্যান্ট, সমস্যা ও ঝুঁকি চিহ্নিতকরণে কমিনিউটি গ্রুপের সাথে আলোচনা এবং জলবায়ু সহনশীলগত দিক চিহ্নিতকরণ ও প্লিন্থ স্তর উঠানোর সম্ভাব্য অবস্থান নির্ধারণ সহ প্রাথমিক কাজ সম্পাদন করেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর যুগ্ম পরিচালক মো: মনিরুজ্জামান সিদ্দিক, সিনিয়র সহকারি পরিচালক ইঞ্জিঃ জহিরুল ইসলাম, ব্যবস্থাপক মাসুমা আহমেদ কণা ও সুনামগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার বিশ্বজিত দাস, জামালগঞ্জ ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার তপন কুমার পাল প্রমুখ।


# 'পিকেএসএফ' প্রতিনিধির 'এসইপি' এর সল্ট প্রজেক্ট পরিদর্শন



'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' এর উপ-প্রকল্প 'পরিবেশ বান্ধব উপায়ে সামগ্রিক লবণ উৎপাদন ও ব্যবসা জোরদারকরণ' প্রকল্পে পদক্ষেপ কক্সবাজার সদর, চকরিয়া এবং চট্টগ্রামের বাঁশখালীর ৮৫০ জন লবণ চাষীদের নিয়ে কাজ করছে। সম্প্রতি 'পিকেএসএফ' এর ম্যানেজার ও 'এসইপি' প্রকল্পের এ্যাসিসট্যান্ট প্রজেক্ট কো-অর্ডিনেটর আবু হায়াত মোঃ রাহাত হোসাইন প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। এসময় তিনি প্রকল্প এলাকার ক্ষুদ্র চাষী ও কমিউনিটির সাথে প্রকল্পের সার্বিক সুযোগ-সুবিধা ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলাপ করেন। তিনি প্রকল্পের বিভিন্ন লেবার শেড, ডিপ-টিউবওয়েল ইত্যাদি স্থাপনা পরিদর্শন করেন। লবণচাষী ও তাদের জীবনমানের উন্নতি, পরিবেশ সম্মত জীবন নির্বাহ এবং স্বাস্থ্যসম্মত জীবন-যাপনে লবণচাষীদের প্রয়োজনীয়তা সম্পর্কে অবগত হন। তিনি লবণের মাঠ পরিদর্শন করেন এবং দেশের অন্যতম এই শিল্পের সমৃদ্ধির লক্ষ্যে বর্তমান প্রকল্পের আওতায় চলমান জিগজ্যাগ পদ্ধতিসহ নতুন ও সৃজনশীল পদ্ধতিতে চাষ করার মাধ্যমে নির্দিষ্ট জমিতে অধিক পরিমাণ লবণ উৎপাদনের পরিকল্পনার কথা জানান। এসময় তিনি প্রকল্পের আওতায় চলমান কর্মসূচি 'পলিথিন রিসাইকেল' প্রক্রিয়া দেখে সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এই কার্যক্রমে 'মা প্লাস্টিক' এর পাশাপাশি একাধিক পলিথিন রিসাইকেল কারখানাকে প্রকল্পের কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার তাগিদ দেন। প্লাস্টিকের ভয়াবহতার উপর গুরুত্ব দিয়ে এই প্রকল্পের আওতায় চলমান লবণচাষ হতে পলিথিনের ব্যবহার কমানোর বিষয়ে পরামর্শ ও বিকল্প পদ্ধতি অনুসরণে এবং উৎপাদিত 'সামুদ্রিক লবণ' এর উৎপাদন ও বাজারজাতকরণের সার্বিক অবস্থা ও অগ্রগতি সর্বোপরি সফলতার লক্ষ্যে দিকনির্দেশনা প্রদান করেন।

পদক্ষেপ কর্তৃক পলিথিনের ব্যবহার কমিয়ে কীভাবে পরিবেশবান্ধব উপায়ে লবণ চাষ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এখন লবণ চাষীরা পূর্বের সনাতন পদ্ধতিতে চাষ না করে নতুন জিগজ্যাগ পদ্ধতিতে চাষাবাদ করছে এতে লবণের উৎপাদন অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। লবণ চাষীদের স্বাস্থ্য ঝুঁকির কথা চিন্তা করে তাদেরকে প্রয়োজনীয় হ্যান্ড গ্লাভস, গামবুট প্রদান করা হয়েছে। তাদের জন্য বিশুদ্ধ পানি, বিশ্রাম নেওয়ার জন্য শেড নির্মাণসহ প্রয়োজনীয় বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করা হয়ে থাকে। এতে ঐ অঞ্চলের লবণ চাষীদের মধ্যে লবণ চাষে এবং লবণের গুণগত মান উন্নয়নে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং 'পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)' এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে।

# 'লিপ প্রোগ্রামের' আওতায় 'সিঙ্গার বাংলাদেশ' কর্তৃক পদক্ষেপ এর ১৫ জন কর্মীর প্রণোদনামূলক বিদেশ ভ্রমণ



পদক্ষেপ লাইফ এনহান্সম্যান্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (লিপ) এর আওতায় ২০২২ সালে পণ্য বিক্রয়ের বিপরীতে ডিসেম্বর ২০২৩ মাসে সিঙ্গার বাংলাদেশ কর্তৃক পদক্ষেপ এর মোট ১৫ জন কর্মীকে প্রণোদনা মূলক বিদেশ ভ্রমণে নিয়ে যায়। এরমধ্যে প্রধান কার্যালয়ের ০৭ জন এবং ০৮ জন ছিলেন মাঠ পর্যায়ের স্টাফ। ১৫ জন ভ্রমণকারীর মধ্যে ১৩ জনকে তুরস্ক এবং ০২ জনকে থাইল্যান্ড ভ্রমণে নিয়ে যাওয়া হয়। উক্ত ভ্রমণে অংশগ্রহণকারীদেরকে তুরস্ক ও থাইল্যান্ড এর বিভিন্ন গুরুত্বপূর্ণ দর্শনীয় স্থান সমূহ পরিদর্শন ও ঘুরে দেখানো হয়।

# 'পিকেএসএফ' কর্মকর্তাদের রংপুরে চলমান 'স্ট্রিট ফুড মার্কেট' পরিদর্শন




'পদক্ষেপ' কর্তৃক বাস্তবায়নাধীন 'বিশ্ব ব্যাংক' এবং 'পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)' এর সহায়তায় 'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' এর 'প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস' উপ-প্রকল্পের Investment in Revenue Generating Common Service বা আয়বর্ধনমুলক সাধারণ বিনিয়োগ কার্যক্রমের আওতায় 'স্ট্রিট ফুড মার্কেট' এর কার্যক্রম চলমান রয়েছে। গত ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে 'পিকেএসএফ' এর 'এসইপি' প্রকল্প সমন্বয়কারী ও সহকারি মহাব্যবস্থাপক (কার্যক্রম) মো: রওশন হাবীব রংপুরে চলমান স্ট্রিট ফুড মার্কেট পরিদর্শন করেন। পরিদর্শন কালে তিনি মার্কেটের চলমান কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। অন্যদিকে গত ১৭ থেকে ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত 'পিকেএসএফ' এর 'এসইপি' প্রকল্পের প্রোগ্রাম অফিসার মোহাম্মদ ইব্রাহিম ও প্রোগ্রাম অফিসার মো: নুরুল আবেদিন চৌধুরী চলমান 'স্ট্রিট ফুড মার্কেট' এবং হোটেল/রেস্টুরেন্ট পরিদর্শন করেন। তারা 'স্ট্রিট ফুড মার্কেট' নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মতবিনিময় করেন। উক্ত পরিদর্শনকালীন সময়গুলোতে পদক্ষেপ এর প্রকল্প ব্যবস্থাপক ও সহকারি পরিচালক আয়শা সিদ্দিকা, রংপুর জোনের জোনাল ম্যানজোর ও সহকারি পরিচালক মো: ফখরুল আহমেদসহ সংশ্লিষ্ট এরিয়া ও ব্রাঞ্চ এবং প্রকল্পের অন্যান্য র্কমর্কতাগণ উপস্থিত ছিলেন।

# 'উপায়' এর সংঙ্গে পদক্ষেপ এর দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর



গত ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে ঢাকার গুলশানে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক এর সদর দপ্তরে 'উপায়' এর সংঙ্গে 'পদক্ষেপ' এর দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে 'পদক্ষেপ' এর পক্ষে নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস এবং 'উপায়' এর পক্ষে চিফ কমার্শিয়াল অফিসার জিয়াউর রহমান স্বাক্ষর করেন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর পরিচালক মুহাম্মদ রিসালাত সিদ্দিক, যুগ্ম পরিচালক মোঃ সায়েদুল ইসলাম, মোঃ সামসুজ্জামান ও সিনিয়র ম্যানেজার মোঃ এমদাদুল হক এবং উপায় এর উপ-পরিচালক জনাব মোঃ আবু শাহেদ শামস আজাদ, ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ মইনুল হাসান ওয়ারসী ও কি অ্যাকাউন্ট ম্যানেজার মোহাম্মদ মনোয়ার আলিম প্রমুখ।

# ফেনীতে 'আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন' প্রোগ্রামের মাসিক শিক্ষক সমন্বয় সভা




গত ২০ ডিসেম্বর ২০২৩ তারিখে ফেনী জেলার সোনাগাজী উপজেলায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন 'আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন' প্রোগ্রামের শিক্ষক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা সোনাগাজী উপজেলার সোনাগাজী মডেল মাদ্রাসার মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রোগ্রামের ফেনী জেলা ম্যানেজার কামরুল ইসলামের সভাপতিত্বে ও সোনাগাজী উপজেলা প্রোগ্রাম ম্যানেজার মো: শাহাদাত হোসেনের পরিচালনায় শিক্ষক সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারি পরিচালক। সমন্বয় সভায় উপজেলার ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ৮৫ জন শিক্ষক ও ৬ জন সুপারভাইজার উপস্থিত থেকে নিজেদের কাজের মূল্যায়ন তুলে ধরেন। এ সময় শিক্ষকরা ছাত্রদের উপবৃত্তি, পাঠ্য পুস্তক এবং শিক্ষা কার্যক্রম বিষয়ে আলোচনা করেন এবং একই সাথে মাঠ পর্যায়ে চলমান সমস্যা ও সমাধানের বিষয়েও আলোচনা করেন।

পদক্ষেপ ১৯৮৬ সাল থেকে আর্থসামাজিক উন্নয়নের অগ্রযাত্রায় অগ্রগামী ভূমিকা পালন করে আসছে। বিশেষ করে পিছিয়ে পড়া অঞ্চলে স্বাস্থ্য, শিক্ষা ও কর্মসংস্থান সৃষ্টিতে টেকসই উন্নয়ন অর্জনের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। 'পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প' উপ-প্রকল্প, 'আউট অব স্কুল চিল্ড্রেন এডুকেশন প্রোগ্রাম', 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস', 'সোলার এনার্জি' প্রোগ্রামের আওতায় প্রান্তিক অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়নে কার্যক্রম অব্যাহত রয়েছে। শিশুদেরকে স্কুলে ফিরিয়ে আনা, প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য সেবা প্রদান, নারীদেরকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে সংযুক্ত করা সহ সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছে 'পদক্ষেপ'।






# 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের উন্নয়নমূলক কার্যক্রম

## গাইনি ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন স্বাস্থ্যক্যাম্প



'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের কিশোরগঞ্জ জেলার নিকলী উপ-প্রকল্প ইউনিটের নিকলী ইউনিয়নের কুর্শা নয়াহাটি গ্রামে মা ও শিশু ফোরামে ৪ ডিসেম্বর ২০২৩ তারিখ বিশেষায়িত স্বাস্থ্যক্যাম্প (গাইনি ও শিশু স্বাস্থ্য) এর আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ২৫ জন ০-৫ বছরের শিশু, ১৮ জন ৫-৯ বছরের শিশু, ১০ জন গর্ভবতি মা, ২৫ জন প্রসূতি মা, ৩৭ জন কিশোরী ও ১০ জন প্রবীণ নারীসহ সর্বমোট ১৪০ জনকে বিনামুল্যে চিকিৎসা সেবা, ঔষধপত্র এবং স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা হয়।

পাশাপাশি নিকলী ইউনিয়নের পাচরুখি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ ডিসেম্বর ২০২৩ তারিখে কৈশোর কালীন বিশেষ স্বাস্থ্যক্যাম্পের আয়োজন করা হয়। এতে ৩৭ জন কিশোরী, ৬৫ জন নারী, ৮ জন গর্ভবতি মা, ৪ জন প্রসূতি মা, ৪ জন ০-৫ বছরের শিশু ও ৮ জন বয়স্ক নারীসহ সর্বমোট ১২২ জনকে বিনামুল্যে চিকিৎসা সেবা, ঔষধপত্র এবং স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্প ২টি পরিচালনা করেন সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সজীব ঘোষ এবং তাকে সহযোগিতা করেন প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

## পুষ্টি মেলা ও প্রতিযোগিতা অনুষ্ঠান



"সঠিক পুষ্টিতে, সুস্থ জীবন" প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে পদক্ষেপ এর 'পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল-ইউরোপিয়ান ইউনিয়ন (পিপিইপিপি-ইইউ)' প্রকল্পের কিশোরগঞ্জ জেলার নিকলী উপ-প্রকল্প ইউনিটের কারপাশা ইউনিয়নে পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্য সেবা কম্পোনেন্টের এর আওতায় ৩ ডিসেম্বর ২০২৩ তারিখ একতা সামাজিক উন্নয়ন কেন্দ্র (কিশোরী) ক্লাবে পুষ্টি মেলা ও প্রতিযোগিতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত পুষ্টি মেলায় শিশুর সোনালী ১ হাজার দিন, প্রদর্শিত ফলমূল ও শাকসবজি এর পুষ্টি গুণাগুণ নিয়ে আলোচনা করা হয়। মেলায় স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা, কুইজ অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ করা হয়। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর সহকারি পরিচালক ও জোনাল ম্যানেজার মোঃ মাহবুবুর রহমান, কারিগরি কর্মকর্তা সুজন আহমেদ ও মোঃ ছাইদুল ইসলাম এবং প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা বিষয়ক কারিগরি প্রশিক্ষণ



গত ১০ থেকে ১২ ডিসেম্বর ২০২৩ তারিখে নিকলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অডিটোরিয়ামে 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কম্পোনেন্টের আওতায় পুষ্টি প্রাথমিক স্বাস্থ্যসেবা বিষয়ক কারিগরি প্রশিক্ষণ (সিএনএইচপি) এর আয়োজন করা হয়। প্রশিক্ষণে বহি:প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সজীব ঘোষ। এ সময় অনলাইনে উপস্থিত ছিলেন 'পিকেএসএফ' এর প্রকল্প ব্যবস্থাপক তানজিনা নুর জিনিয়া। এছাড়া অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর সহকারি পরিচালক ও জোনাল ম্যানেজার মোঃ মাহবুবুর রহমান, এডমিন এন্ড একাউন্টস কর্মকর্তা সুমন দত্ত, এমআইএস অফিসার মোদাচ্ছেরুল হক আরাফাত এবং প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের পোস্ট টেস্টের মাধ্যমে পুরস্কার ও সার্টিফিকেট প্রদান করা হয়। পুরস্কারের মধ্যে ছিল, হ্যান্ড নোট, ছাতা, ব্যাগ, পানির বোতল ইত্যাদি। প্রশিক্ষণটিতে সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারি কারিগরি কর্মকর্তা (পুষ্টি) মোঃ সাদেকুল ইসলাম ও তাহমিনা রহমান এবং পরিচালনায় ছিলেন কারিগরি কর্মকর্তা (পুষ্টি) সুজন আহমেদ।

# সংস্থার 'আরএমটিপি' প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছে সহযোগি প্রতিষ্ঠান 'এসডিএস'




গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় 'পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)' এর আর্থিক ও কারিগরি সহায়তায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন 'রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ এন্ড ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)' প্রকল্পের আওতায় 'নিরাপদ মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ শীর্ষক ভ্যালু চেইন' উপ-প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন প্রকল্পের সহযোগী প্রতিষ্ঠান 'শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (এসডিএস)' এর ৫ সদস্য বিশিষ্ট উদ্যোক্তা টিম। তারা রেডি টু কুক, বায়োফ্লক পদ্ধতিতে মাছ চাষ, নিরাপদ ফিস ফিড উৎপাদন মিল প্রদর্শনী পরিদর্শন করেন। এছাড়া রেডি টু কুক মৎস্য পণ্য উদ্যোক্তার এন্টারপ্রাইজ এর বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ করে মাছের প্রক্রিয়াজাতকরণ (ছোট ও বড় মাছ), সংরক্ষণ, প্যাকেজিং ও বাজারজাতকরণ এর বিভিন্ন বিষয়ে একে অপরের সাথে মতবিনিময় করেন। পরে সরেজমিনে 'রেডি টু কুক' মৎস্য পণ্যের বিভিন্ন যন্ত্রপাতি পরিদর্শন ও কার্যপ্রণালী পর্যবেক্ষণসহ স্থাপিত নিবিড় বায়োফ্লক মৎস্য চাষ এন্টারপ্রাইজ এর বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। পরে 'সততা ফিস ফিড মিল' কোম্পানির ফিডিং ট্রায়াল ও ফিস ফিড মিলের বিভিন্ন যন্ত্রপাতি সরেজমিন পরিদর্শন ও কার্যপ্রণালী পর্যবেক্ষণ করেন এবং কালো সৈনিক পোকা উৎপাদন প্রদর্শনীও পরিদর্শন করেন। এসময় প্রকল্পের সমন্বয়কারী মোঃ রফিকুল ইসলাম, ভিসিএফ কৃষিবিদ মোঃ লেমন মিয়া ও উদ্যোক্তা মোঃ মোজাহিদুল ইসলাম আবীর কার্যক্রম সর্ম্পকে পরিদর্শন টিমকে অবহিত করেন। অভিজ্ঞতা বিনিময় সফরে উদ্যোক্তাগণ বিভিন্ন বিষয়ে কারিগরি ও ব্যবহারিক বিষয়ে জ্ঞান অর্জন করেন এবং সংস্থার গৃহীত কার্যক্রমের ভূয়সি প্রশংসা করেন এবং পরবর্তীতে এই ধরনের অভিজ্ঞতা বিনিময় সফর আয়োজনে সুযোগ করে দেয়ার আহবান জানিয়ে ধন্যবাদ জানান।

# 'সমৃদ্ধি কর্মসূচির' উদ্যোগে দু:স্থদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান




পদক্ষেপ তার স্বাস্থ্য কর্মসূচির আওতায় বছরের বিভিন্ন সময়ে প্রত্যন্ত এলাকার দরিদ্র জনগণের কল্যাণে বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় গত ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে বড়লেখা উপজেলার দাসেরবাজার ইউনিয়নে চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়। এতে ২ শতাধিক রোগীকে চক্ষু চিকিৎসা এবং ৩০ জনকে বিনামূল্যে চোখের ছানি অপারেশন করা হয়। পদক্ষেপ এর সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ও পিকেএসএফ এর অর্থায়নে দাসেরবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দিনব্যাপি কার্যক্রমটি অনুষ্ঠিত হয়। চক্ষু ক্যাম্পে এলাকার হতদরিদ্র শিশু, মহিলা ও পুরুষ রোগীদের বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা পরীক্ষা নিরীক্ষা করে বিনামূল্যে ব্যবস্থাপত্র দেয়া হয়। কার্যক্রমের উদ্বোধন করেন দাসেরবাজার ইউনিয়ান পরিষদের চেয়ারম্যান স্বপন কুমার চক্রবর্তী। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, পদক্ষেপ বর্তমানে আর্থিক, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়ন কার্যক্রম'সহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম দেশব্যাপী পরিচালনা করে আসছে। এসব কার্যক্রম দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে ব্যাপক ভূমিকা রাখছে। রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন মৌলভীবাজার মাতারকাপন চক্ষু হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ এবং তাদেরকে সহযোগিতা করেন স্বাস্থ্য কর্মকর্তা তন্ময় দাস এবং পদক্ষেপ এর স্বাস্থ্য পরিদর্শকগণ। এছাড়া ব্রাঞ্চ ম্যানেজার, এমআইএস অফিসার, ইডিও ও এসডিও কর্মীবৃন্দ অন্যান্য দায়িত্ব পালন করেন। এসময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, ইতিপূর্বে এধরনের ৩টি চক্ষু ক্যাম্প সফলভাবে সম্পন্ন করা হয়েছে।

# 'রেইজ' প্রকল্পের 'ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা' বিষয়ক প্রশিক্ষণ



'রিকভারি এন্ড এডভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট (রেইজ)' প্রকল্পের আওতায় ডিসেম্বর ২০২৩ এ আশুগঞ্জ ব্রাঞ্চে ১টি ব্যাচের ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে সহায়ক হিসেবে ভূমিকা পালন করেন প্রকল্পের কর্মকর্তাবৃন্দ ও সংশ্লিষ্ট জোনের সহকারি পরিচালক ও জোনাল ম্যানেজার এবং এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজারবৃন্দ। প্রকল্পের উপকারভোগীদের অংশগ্রহণে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসায়িক কার্যক্রম পুনরায় সচল রাখার লক্ষ্যে এবং তাদের সক্ষমতা বৃদ্ধি অর্থাৎ উদ্যোগ/ব্যবসায়ে ঝুঁকি মোকাবেলা ও ব্যবসায়ে সফলতা অর্জনের জন্য ৩ দিনব্যাপী "ঝুঁকি ব্যবস্থাপনা এবং ব্যবসায় ধারাবাহিকতা" বিষয়ক মোট ৮৫টি প্রশিক্ষণ গত ফেব্রুয়ারি ২০২৩ থেকে শুরু করে ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত প্রকল্পের কর্ম এলাকার ১০টি জেলার ৮টি জোন, ১৫টি উপজেলার ১০টি এরিয়া ও ১৫টি ব্রাঞ্চে বাস্তবায়ন করা হয়েছে। প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিলো, ব্যবসায়ে পরিকল্পনা; আর্থিক ব্যবস্থাপনা (আয়-ব্যয়ের হিসাব); ব্যবসায় ঝুঁকি বিশ্লেষণ করা; ঝুঁকি ব্যবস্থাপনার বিভিন্ন পদক্ষেপ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; সুষ্ঠু পরিকল্পনা মাফিক ব্যবসা পরিচালনা করা এবং ব্যবসাকে ধারাবাহিকভাবে এগিয়ে নেয়া। 'পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)' এবং বিশ্ব ব্যাংকের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত পদক্ষেপ দেশের ১৫টি জেলার ২২টি উপজেলায় শহর ও উপ-শহর এলাকায় মোট ২৫টি ব্রাঞ্চের মাধ্যমে 'রেইজ' প্রকল্পটি বাস্তবায়ন করছে।

# 'রেইজ' প্রকল্পের শিক্ষানবিশি কার্যক্রম



'রেইজ' প্রকল্পের শিক্ষানবিশি (Apprenticeship) প্রশিক্ষণ একটি চলমান কার্যক্রম। এর উদ্দেশ্য হলো, প্রকল্পের আওতায় স্বল্প-আয়ের পরিবারভুক্ত তরুণ-তরুণীদের মাস্টার ক্রাফট-পার্সন/দক্ষ ও অভিজ্ঞ কারিগরের অধীনে অনানুষ্ঠানিকভাবে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি; মজুরিভিত্তিক এবং স্ব-কর্মসংস্থানে সহায়তা; ব্যবসা আরম্ভ করার জন্য অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন করা। ঢাকার আদাবর, মিরপুর ও মোহাম্মদপুর এই ৩টি কর্মএলাকায় উক্ত প্রকল্পের কার্যক্রমগুলো বাস্তবায়ন করা হচ্ছে। কর্ম-এলাকাসমূহে মোট ৫০ জন মাস্টার ক্রাফট-পার্সন/দক্ষ ও অভিজ্ঞ কারিগরের অধীনে ১০০জন শিষ্য/শিক্ষানবিশকে গুরু-শিষ্য পদ্ধতিতে বিভিন্ন ট্রেডে ৬ মাসব্যাপী কারিগরি প্রশিক্ষণ প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ডিসেম্বর ২০২৩ মাসে চলমান প্রশিক্ষণ কার্যক্রমগুলো অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণের বিষয়গুলো হলো- "ফ্যাশন গার্মেন্টস/ড্রেস মেকিং ও টেইলারিং, মোবাইল ফোন সার্ভিসিং, সেলাই মেশিন অপারেশন, স্মল ইঞ্জিনিয়ারিং এবং মেটাল ওয়ার্কস, আইটি সাপোর্ট টেকনিশিয়ান, বেকিং ও পেস্ট্রি প্রিপারেশন, কনজুমার ইলেকট্রোনিক্স, ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেনেন্স, হাউজকিপিং এন্ড ফুড এন্ড বেভারেজ সার্ভিসিং, মোটর সাইকেল সার্ভিসিং এবং কার্পেনট্রি ইত্যাদি"।

# ডিসেম্বর মাসে প্রশিক্ষণ পেয়েছে ৪০০ জন

ডিসেম্বর ২০২৩ মাসে অভ্যন্তরীণভাবে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির মাঠ পর্যায়ে নতুন নিয়োগপ্রাপ্ত এরিয়া ম্যানেজার, সিনিয়র ব্যবস্থাপক, সহকারি ব্রাঞ্চ ম্যানেজার (লোন) ও কমিউনিটি ম্যানেজার পদে ৩৯৫ জনকে "বেসিক ওরিয়েন্টেশন" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বহি:উৎস 'এমআরএ' কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে পদক্ষেপ এর ২ জন সহকারি পরিচালককে 'শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নে ক্ষুদ্রঋণ খাতের উদ্ভাবনী উদ্যোগ' বিষয়ে, 'সিডিএফ' কর্তৃক `Promoting Leadership in Microfinance Institutions' বিষয়ে ১ জন এরিয়া ম্যানেজারকে, 'পিকেএসএফ' কর্তৃক `Leadership for Development Professionals' বিষয়ে ১ জন এরিয়া ম্যানেজারকে ও `Internal Audit' বিষয়ে ১ জন সহকারি ব্যবস্থাপককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# এ মাসে 'পিআইডিএম' সেবা দিয়েছে ৯৭২ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় ডিসেম্বর ২০২৩ মাসে পদক্ষেপ'সহ ৯টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৯৭২ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ২টি সভা ও ১৫টি প্রশিক্ষণ ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

# এ মাসে 'রেমিটেন্স' লেনদেন হয়েছে ১০৪টি

ডিসেম্বর ২০২৩ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ১০৪ জন গ্রাহককে ৬৪.০৪ লক্ষ টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৬০,২৫৯ জন গ্রাহককে ৫১৬.৯৭ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ, ওয়েস্টার্ন ইউনিয়ন ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

# এ মাসে ১৩৭ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

ডিসেম্বর ২০২৩ মাসে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম পদে ১৩০ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। এরমধ্যে বরিশাল জোনে ১৮ জন, পটুয়াখালী জোনে ১১ জন, ভোলা জোনে ৮ জন, যশোর জোনে ৭ জন, বি-বাড়িয়া জোনে ১৭ জন, কিশোরগঞ্জ জোনে ১৩ জন, ফরিদপুর জোনে ১ জন, কুষ্টিয়া জোনে ১ জন, রাজশাহী জোনে ২০ জন, বগুড়া জোনে ৬ জন, ঢাকা (উঃ) জোনে ৪ জন, ঢাকা (দঃ) জোনে ১ জন ও ময়মনসিংহ জোনে ২৩ জন। এছাড়া প্রমিস ফার্মেসিতে সেলসম্যান পদে ৬ জন এবং সমৃদ্ধি কর্মসূচির সুরমা ব্রাঞ্চে শিক্ষক পদে ১ জনসহ সর্বমোট ১৩৭ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

# কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

ডিসেম্বর ২০২৩ মাসে সিপিএফ হতে ২৭ জন কর্মীকে ৪৫,২৫,১২২/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ২৭ জন কর্মীকে ১,৩৩,৫০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ২৯ জনকে ৮,২৮,৫১৪/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৩৫ জনকে ৫,৭৭,২৭০/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

**পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।**

এস টাওয়ার, বাড়ি নং-২৮/১, পশ্চিম তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫, বাংলাদেশ।
ফোন ঃ ৫৮১৫১১২৬, ০১৭৫৫-৬৪৭৭৯১, ফ্যাক্স ঃ ৮৮০-২-৪৮১১৯৭৯৪
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org